16

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 SEP 1992 ...
পৃষ্ঠা ... ১ ... ১৬ ...

14

# গণসাক্ষরতা কর্মসূচী সফল করুন

.................................. প্রেসিডেন্ট

বাসস ।। প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস গতকাল রাজশাহী জেলা পরিষদ হলে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সম্পর্কিত বিভাগীয় কর্মকর্তাদের দিনমানের সম্মেলন উদ্বোধনকালে গণসাক্ষরতা কর্মসূচী ( ১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## প্রেসিডেন্ট

(১ম পৃঃ পর)

সফল করিয়া তোলার আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষা হইল আর্থ-সামাজিক অগ্রগতি অর্জন ও একটি আদর্শ জাতি গঠনের পূর্বশর্ত। তিনি বলেন, পল্লী এলাকায় সাক্ষরতার হার বাড়ানোর জন্য গণসাক্ষরতা কর্মসূচীতে শিক্ষিত বেকার যুবকদের অন্তর্ভুক্ত করা দরকার।

তিনি বলেন, সরকার ৪৩টি আর বেসরকারী সংস্থাগুলি প্রায় ১০০ থানাকে গণসাক্ষরতা কর্মসূচীর আওতায় আনিয়াছে। তিনি বলেন, প্রাথমিক শিক্ষকরা নিরক্ষরতার অভিশাপ দূর করার কাজের অগ্রদূত এবং তাহাদেরকে শিক্ষার মশাল বহন করিতে হইবে। তিনি ঘোষণা করেন যে, তাহার সচিবালয় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষায় নিয়জিত শিক্ষকদের মধ্যে যাহারা বিশেষ পারদর্শিতা দেখাইবেন তাহাদের পুরস্কৃত করিবে।'

ইত্তেফাকের চাপাইনবাবগঞ্জ সংবাদদাতা ।। ইতিপূর্বে প্রেসিডেন্ট শিবগঞ্জের সোনা মসজিদ পরিদর্শন এবং হযরত শাহ নিয়ামত-উল্লাহর (রঃ) মাজার জিয়ারত করেন। তিনি মাজার প্রাঙ্গণে বৃক্ষ রোপণ করেন ও তহখানা পুকুরে মাছের পোনা ছাড়েন। তিনি সোনা মসজিদ প্রাঙ্গণে '৭১-এর মুক্তিযুদ্ধে শহীদ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর বীরশ্রেষ্ঠ এবং শহীদ মেজর নাজমুল হকের মাজারেও ফাতেহা পাঠ করেন।

প্রেসিডেন্ট গতকাল সন্ধ্যায় রাজশাহীতে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের এক পর্যালোচনা বৈঠকে মতবিনিময়কালে খাদ্য উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। আকতার হামিদ সিদ্দিক এম পি এবং বিভাগীয় কমিশনার ও বরেন্দ্র প্রকল্পের চেয়ারম্যান বৈঠকে বক্তব্য রাখেন। মেয়র মিজানুর রহমান মিনু ও লুৎফুন্নেসা হোসেন এমপি উপস্থিত ছিলেন। পরে প্রেসিডেন্ট বরেন্দ্র জাদুঘর পরিদর্শন করেন।